## বিধায়কের রিপোর্ট কার্ড

**বিধানসভার নাম** নাগরাকাটা
**বিধায়ক** পুনা ভেংরা



**প্রাপ্ত নম্বর** ৫/১০

### তহবিল খরচে : ৬/১০

প্রাপ্ত টাকার ৮০ শতাংশ খরচ করেছেন। কয়েকটি খাতে প্রশাসনিক অসহযোগিতায় খরচ করা সম্ভব হয়নি।

### উন্নয়নে : ৫/১০

বাগানঘেরা এই এলাকায় শববাহী গাড়ি, অ্যাম্বুল্যান্স, শ্মশানঘাট, বহু সোলার লাইটের ব্যবস্থা করেছেন। একাধিক স্থানে পানীয় জলের প্রকল্পও হয়েছে বা হচ্ছে।

### মানুষের পাশে : ৫/১০

বিধায়ক নির্বাচিত হওয়ার প্রথম দিকে তাঁকে সেভাবে দেখা যেত না বলে বিস্তর অভিযোগ ছিল। পরের দিকে বেরিয়েছেন।

### প্রতিশ্রুতি

বাগানের শ্রমিকদের সমস্যা সহ এলাকার পরিকাঠামোর উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করবেন।

### বাস্তব

মনে দাগ কাটার মতো বড় কোনও কাজ করেননি। বিধানসভার অধিবেশনে সেতু, বন্ধ-অচল বাগান, স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে সরব হয়েছেন।

### যা ভালো

সহজ সরল অনাড়ম্বর জীবনযাপন। দেখা করলে মন দিয়ে মানুষের কথা শুনতেন।


### যা খারাপ

বছরভর মাঠে ময়দানে মানুষের সঙ্গে দেখা যায়নি।



মানুষ ভোট দিয়ে জেতানো সত্ত্বেও বিজেপির বিধায়কের কাছ থেকে আশানুরূপ কিছু পাননি।

**জোশেফ মুন্ডা**, একুশের তৃণমূল প্রার্থী



নাগরাকাটায় আলাদা হাসপাতাল ও একটি গ্রাম পঞ্চায়েত গঠন অত্যন্ত জরুরি। পরের বিধায়কের কাছে মানুষের এই দাবিই থাকল।

**নরেশ আগরওয়াল**, ব্যবসায়ী

### প্রশ্নোত্তর

১. ১০-এ নিজেকে কত মার্কস দেবেন?

উত্তর : ১০/১০। শাসকদলের বাধাবিপত্তি সত্ত্বেও সীমিত তহবিলে প্রচুর উন্নয়নের কাজ করেছি।

২. অ্যান্ড্রিউ ইউলের চা বাগানগুলির শ্রমিকদের দুরবস্থা দূর করতে কী পদক্ষেপ করেছেন?

উত্তর : এর দায় রাজ্য সরকারও এড়াতে পারে না। অ্যান্ড্রিউ ইউল একটি এজেন্সি। যা করার একমাত্র আমরাই করছি। আগেও দিল্লিতে দরবার করে পাওনা দেওয়ার ব্যবস্থা করা হয়েছিল।

৩. এলাকায় আপনার সময়ে হয়েছে এমন উল্লেখযোগ্য কাজের কথা বলুন।

উত্তর : চালসা স্টেশনে ফুট ওভারব্রিজ, নাগরাকাটা, চালসা ও নিউ মাল জংশনে একাধিক দূরপাল্লার ট্রেনের স্টপ।



ধূপগুড়িতে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জনসভায় মানুষের ঢল। বৃহস্পতিবার। ছবি : শুভাশিস বসাক



**ক্যাচ ইট!।।** চ্যাংরাবান্ধায় ছবিটি তুলেছেন নীলরতন মণ্ডল।

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

# ভাতা নিলে দিতে হবে ভোট : সংগীতা

ভোট উৎসব

**প্রসেনজিৎ সাহা**

**সিতাই, ২৬ মার্চ :** লক্ষ্মীর ভাণ্ডার নিলে ভোট দিয়ে শোধ দিতে হবে। মাতালহাট গ্রাম পঞ্চায়েতে ভোট প্রচারে গিয়ে এভাবেই কার্যত মহিলা ভোটারদের সমঝে দিলেন সিতাইয়ের তৃণমূল প্রার্থী সংগীতা রায়। এদিন দুপুর বারোটা নাগাদ মাতালহাট গ্রাম পঞ্চায়েতের স্থানীয় একটি স্কুল মাঠে তৃণমূলের নির্বাচনি সভা হয়। সভার শুরু থেকে শেষ পর্যন্ত রাজবংশী ভাষায় বক্তব্য রাখেন তৃণমূল প্রার্থী সংগীতা রায়। সেখানেই বক্তব্য রাখতে গিয়ে লক্ষ্মীর ভাণ্ডার নিলে যে ভোটটা দিতে হবে তা এদিন তিনি ঠারেঠোরে বুঝিয়ে দেন। সংগীতার বক্তব্য, 'যদি নিয়ে থাকেন তাহলে শোধ দিতে হবে না? মমতাদিদি মাংস পোলাও খেতে চায়নি কখনও। দিদি শুধু বলেছে, ভোট এলে জোড়াফুলে ভোট দিতে।' তিনি বলেন, 'লক্ষ্মীর ভাণ্ডার ঢুকলে সকলে দৌড়ে যান। কড়কড়ে টাকা গুনে নেন, ভোট দেওয়ার সময় এত ভাবলে হবে?' সংগীতার এই বক্তব্যের পরেই জেলা রাজনীতিতে শুরু হয়েছে জোর চর্চা। তাহলে ভোটের জন্যই কি সরকারি প্রকল্পে এই লক্ষ্মীর ভাণ্ডার দেওয়া হচ্ছে? এভাবে ভোট চাওয়া আদৌ যায় কি না, বিরোধীরা এমন নানা প্রশ্ন তুলছে। তৃণমূলের কোচবিহার জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক বলেছেন, 'সংগীতা আদতে কী বলেছেন, তা আমি শুনিনি। তাই এবিষয়ে কিছু বলতে পারব না।'

বিজেপির জেলা সহ সভাপতি বিরাজ বসুর কথায়, 'লক্ষ্মীর ভাণ্ডার

**প্রচারে তৃণমূল প্রার্থীর বক্তব্যে প্রশ্ন বিরোধীদের**

কারও ব্যক্তিগত টাকা নয়। সেটা জনগণের করের টাকায় দেওয়া হয়। তাই যারা সেই প্রকল্পকে সামনে রেখে ভোটের দাবি করবে, তারা মূর্খামি ছাড়া আর কিছু করছে না।' ফরওয়ার্ড ব্লকের কোচবিহার জেলা সভাপতি দীপক সরকার বলছেন, 'তৃণমূল বরাবরই ভয় দেখিয়ে ভোট প্রভাবিত করে। এটাও তারই একটা নমুনা। নির্বাচন কমিশনের উচিত বিষয়টি দেখার। যে এরকম বক্তব্য রাখছে তাকে প্রয়োজনে গ্রেপ্তার করা উচিত।'

একসময় সিতাই কংগ্রেসের গড় বলে পরিচিত হলেও পরবর্তীতে তা বামেদের হাতে যায়। এরপর জগদীশচন্দ্র বর্মা বসুনিয়া তৃণমূলে যোগ দিলে সেখানে তিনি বিধায়ক হন। যদিও পরবর্তীতে জগদীশ সাংসদ হলে সেখানে তৃণমূলের সংগীতা রায় উপনির্বাচনে জয়ী হয়ে বিধায়ক হন। এবারও সিতাইয়ে সংগীতার ওপরই দল আস্থা রেখেছে। ফলে সিতাইয়ে কার্যত তৃণমূলের কাছে গড়রক্ষার লড়াই। একদিকে সিতাইয়ে প্রার্থী ঘোষণা নিয়ে বামেরা যখন দড়ি টানাটানি করছে এবং বিজেপি তাদের প্রার্থীই ঘোষণা করতে পারেনি, তখন তৃণমূলের সংগীতা রায় একের পর এক অঞ্চল চষে বেড়াচ্ছেন ভোট প্রচারে। বৃহস্পতিবার দুপুরে পেটলা গ্রাম পঞ্চায়েতের একাধিক জায়গায় নির্বাচনি সভার পাশাপাশি খুলি বৈঠক করেন তিনি। সেখানে ছোটনাচিনার প্রচার সভায় তিনি বলেন, 'বিজেপিকে ভোট দেওয়া মানে গোখরো সাপের ছোবল খাওয়া।' বিজেপি ভোটে ইভিএম হ্যাক করতে পারে এমন আশঙ্কাও শোনা যায় তাঁর মুখে। তবে তাঁর গোটা বক্তব্যে সবচেয়ে উল্লেখযোগ্য ছিল, মহিলাদের উদ্দেশে বলা লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পে টাকা নেওয়ার প্রসঙ্গ। তাঁর বক্তব্য, 'যদি নিয়ে থাকেন তাহলে শোধ দিতে হবে। আর শোধ দিতে না পারলে তা হারাম বা পাপ।'

## জেলায় ঘাসফুল ফোটাতে মরিয়া প্রয়াস

# ছ'মাসে পুরভোটের আশ্বাস

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ২৬ মার্চ :** বিধানসভা নির্বাচন শেষ হওয়ার ছয় মাসের মধ্যেই ধূপগুড়ির পুরসভা নির্বাচন হবে। বিধায়ক হিসেবে নির্বাচিত হয়ে নির্মলচন্দ্র রায় ঠিকমতো কাজ না করলে ধূপগুড়ি শহরের মানুষ পুরভোটে অন্য দলকে ভোট দেওয়ার সুযোগ পাবেন। বৃহস্পতিবার ধূপগুড়ি বিধানসভা এলাকায় দলীয় প্রার্থীর সমর্থনে জনসভায় বক্তব্য রাখতে গিয়ে এই মন্তব্য করেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

পুরসভার মেয়াদ ফুরোনোর পর প্রায় ৪ বছর পেরিয়ে যাওয়ার পর পুরভোট নিয়ে অভিষেকের এই আশ্বাসে শহরে মিশ্র প্রতিক্রিয়া দেখা গিয়েছে। ধূপগুড়ি শহরের উন্নয়ন ব্যাহত হওয়ার পিছনে পুরসভা ভোট না হওয়াই মূল কারণ বলে মত সংশ্লিষ্ট মহলের। সেই ক্ষোভে প্রলেপ দেওয়ার জন্যই অভিষেক এমন মন্তব্য করছেন বলে মত রাজনৈতিক বিশ্লেষকদের।

এই প্রসঙ্গে ধূপগুড়ি কেন্দ্রের তৃণমূল প্রার্থী নির্মলচন্দ্র রায় বলেন, 'অভিষেক বন্দ্যোপাধ্যায় কথা দিয়ে কথা রাখেন। ধূপগুড়িকে মহকুমা ঘোষণা করা, হাসপাতালের পাঁচতলা ভবন নির্মাণ সেটাই প্রমাণ করে। উনি যখন বলেছেন বিধানসভা ভোটের ছ'মাসের মধ্যে ধূপগুড়ি পুরসভার নির্বাচন হবে, তার মানে নিশ্চিতভাবেই সেটা হবে।'

অভিষেকের এই মন্তব্য নিয়ে বিরোধীরা অবশ্য কটাক্ষ করতে কসুর করেনি। ধূপগুড়ি শহরের ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা তথা বিজেপি নেতা চন্দন দত্তের কথায়, 'উনি যখন বলেছেন বিধানসভা নির্বাচনের ৬ মাসের মধ্যে পুরসভা ভোট হবে, তাহলে বোঝাই যাচ্ছে এতদিন উনি চাননি বলেই ধূপগুড়ি পুরসভার ভোট আটকে রয়েছে। তাহলে বলতে হয়, পুরসভা ভোট না হওয়ার জন্য নাগরিকদের যেসব সমস্যার মুখে পড়তে হচ্ছে তার জন্যে অভিষেক বন্দ্যোপাধ্যায়ই দায়ী। এমন লোক ধূপগুড়ির মানুষের কাছে ভোট চাওয়ার যোগ্যই নন।' সিপিএমের ধূপগুড়ি এরিয়া কমিটির সম্পাদক জয়ন্ত মজুমদার বলেন, 'একজন তৃণমূল নেতা ধূপগুড়ি পুরসভা নির্বাচনের দিন ঘোষণা করছেন, এটা অত্যন্ত লজ্জার এবং গণতন্ত্রের পক্ষে খুব খারাপ বিজ্ঞাপন।'

ধূপগুড়ি শহরের বাসিন্দারা শেষবার পুরভোট দিয়েছিলেন ২০১৭ সালের ১৩ এবং ১৬ অগাস্ট। তারপর ২০১৮ এবং ২০২৩ সালে দু'বার পঞ্চায়েত নির্বাচনে ভোট দিয়ে ফেলেছেন আশপাশের গ্রামীণ এলাকার বাসিন্দারা। শহরের মানুষও দু'বার লোকসভা এবং উপনির্বাচনকে হিসেবের মধ্যে ধরলে দু'বার বিধানসভা ভোট দিয়ে ফেললেও পুরভোট দেওয়ার সুযোগ অধরাই থেকে গিয়েছে। ২০২২ সালের ১৩ সেপ্টেম্বর পুরসভার মেয়াদ ফুরিয়েছে। নির্বাচিত পুরবোর্ড না থাকায় মানুষকে প্রতিদিন দুর্ভোগ পোহাতে হয়। পুরসভা ভোট না হওয়ায় থমকে আছে শহরের উন্নয়নও। এই নিয়ে পুরসভার বাসিন্দাদের মনে দীর্ঘদিন ধরে ক্ষোভ পুঞ্জীভূত হয়েছে। এই অবস্থায় নির্বাচনের ঠিক আগে জনসভার মঞ্চ থেকে অভিষেকের ভোট ঘোষণা সেই ক্ষোভ প্রশমিত করার চেষ্টা বলে ধারণা রাজনৈতিক মহলের।

> **আজ শুনলাম একজন নেতা নির্বাচনি মঞ্চে দাঁড়িয়ে বললেন ছয় মাসে পুরভোট হবে। এটা শোনার পর রাজ্য নির্বাচন কমিশন শাসকদলের নেতাদের ইশারায় চলছে কি না সেই প্রশ্নও মনে উঁকি দিচ্ছে।**
>
> **অনিরুদ্ধ দাশগুপ্ত**
> সম্পাদক, ধূপগুড়ি নাগরিক মঞ্চ

যদিও অভিষেকের এই মন্তব্যে অখুশি শহরের অনেক নাগরিক। ধূপগুড়ি নাগরিক মঞ্চের সম্পাদক অনিরুদ্ধ দাশগুপ্ত ক্ষোভ প্রকাশ করে বলেন, 'এতদিন আমরা জানতাম রাজ্য নির্বাচন কমিশন পুরসভা ভোটের দিনক্ষণ নির্ধারণ করে। আজ শুনলাম একজন রাজনৈতিক নেতা নির্বাচনি মঞ্চে দাঁড়িয়ে বলে গেলেন ছয় মাসের মধ্যে পুরভোট হবে। এটা শোনার পর রাজ্য নির্বাচন কমিশন রাজ্যের শাসকদলের নেতাদের ইশারায় চলছে কি না সেই প্রশ্নও আমাদের মনে উঁকি দিচ্ছে।'

এদিন সভা মঞ্চে ধূপগুড়ি টাউন ব্লক তৃণমূল সভাপতি অরূপ দে এবং পুরসভার প্রাক্তন ভাইস চেয়ারম্যান রাজেশকুমার সিংয়ের সঙ্গেও কথা বলেন অভিষেক। দলীয় সূত্রে খবর, ওই দুই নেতাকে পুরভোট নিয়ে কিছু নির্দেশ দিয়েছেন অভিষেক।

# অভিষেকের সভার জেরে বাস উধাও

**শুভাশিস বসাক**

**ধূপগুড়ি, ২৬ মার্চ :** মমতা বন্দ্যোপাধ্যায়ের পর এবার অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সভার দিনেও একই চিত্র ফুটে উঠল। মূলত সমর্থকদের ভিড় বাড়াতে বিভিন্ন রুট থেকে বাস নিয়েছিল তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। আর তার জেরেই যাত্রীদের ভোগান্তি চরমে ওঠে। তবে শুধু শাসক নয়, রাজ্যের বিরোধী শিবিরের ক্ষেত্রেও নির্বাচন এলেই হেভিওয়েট প্রচারে বাসের সমস্যায় ভোগান্তির শিকার হতে হয় যাত্রীদের। বৃহস্পতিবার এক-দেড় ঘণ্টা দাঁড়িয়ে থেকে জলপাইগুড়ির বাসের দেখা মেলেনি। যাও মিলেছে, তাতে ভিড়ে ঠাসা অবস্থায় যাত্রা করতে হয়েছে। অভিষেক কর্মকার নামে এক যাত্রীর কথায়, 'জলপাইগুড়ি যাওয়ার উদ্দেশ্যে বেরিয়েছিলাম, কিন্তু শিলিগুড়ি বা জলপাইগুড়ি রুটে বাস ছিল না বললেই চলে। সরকারি এবং বেসরকারি পরিবহণের অধিকাংশ বাসই এদিন রুটে চলতে দেখা যায়নি। তবে অনেকক্ষণ অপেক্ষার পর একটি বাস পেলেও তাতে ভিড়ে ঠাসাঠাসি অবস্থায় জলপাইগুড়ি যেতে হয়েছে।'



অভিষেকের সভা থেকে ফেরার পথে মানুষের ঢল।

একই সুর শোনা গেল অপর নিত্যযাত্রী প্রীতম অধিকারীর গলাতেও। তাঁর অভিযোগ, 'নির্বাচন এলেই হেভিওয়েট নেতা-মন্ত্রীদের প্রচার দেখা যায়। তখনই বাসের অভাব হয়। যাত্রীদের ভোগান্তির শিকার হতে হয়। এখানে শাসক বা বিরোধী আলাদা কেউ নয়, উভয় ক্ষেত্রেই বাস না পেয়ে কর্মস্থলে যেতে সমস্যার সম্মুখীন হতে হয়।'

অভিষেকের সভা ঘিরে গত কয়েকদিন থেকেই মাঠে ভিড় বাড়ানো নিয়ে জল্পনা ছিল। এরপরই জল্পনার অবসান ঘটিয়ে তৃণমূল কংগ্রেস নেতৃত্ব আগেভাগেই বিভিন্ন রুট থেকে শতাধিক বাস, টোটো এবং পিকআপ ভ্যান ভাড়া করে রেখেছিল। তা দিয়েই বিভিন্ন ব্লক থেকে এবং গ্রামীণ এলাকা থেকে সভাস্থলে সমর্থকদের নিয়ে আসা হয়। ধূপগুড়ি গ্রামীণ তৃণমূল কংগ্রেসের সভাপতি মলয় রায় আগেই বলেছিলেন, 'প্রায় একশো বাস ছাড়াও টোটো, পিকআপ ভ্যান রাখা হয়েছিল। গ্রাম, শহর এবং আশপাশ এলাকা থেকে স্বতঃস্ফূর্তভাবে মানুষ জনসভায় এসেছে।' তৃণমূল নেতাদের হিসেবে এদিন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সভায় ২০ হাজারেরও বেশি সংখ্যায় মানুষের ভিড় উপচে পড়েছিল।

# প্রার্থীদের প্রচারে জোর নেই ক্রান্তিতে

জনতার কণ্ঠ

**কৌশিক দাস**

**ক্রান্তি, ২৬ মার্চ :** মাল বিধানসভা জিততে হলে ক্রান্তি ব্লক থেকে লিড পাওয়া আবশ্যক। মাল বিধানসভা ক্রান্তি ও মাল ব্লক এবং মালবাজার পুরসভা নিয়ে গঠিত। তৃণমূল, বিজেপি এবং সিপিএম নিজেদের প্রার্থীতালিকা ঘোষণা করেছে প্রায় ১০ দিন হতে চলল। অথচ ক্রান্তি ব্লকে সেই অর্থে প্রচারে নামেনি কেউই। রবিবার সিপিএম প্রার্থী মনু ওরাওঁ লাটাগুড়িতে এবং তৃণমূল প্রার্থী বুলু চিকবড়াইক রাজাডাঙ্গাতে অল্প সময়ের জন্য এসে প্রচার করে গিয়েছেন। জোরদার প্রচার শুরু না হওয়ায় শাসক-বিরোধী উভয় দলের কর্মী-সমর্থকদের মধ্যে একটা হতাশা তৈরি হয়েছে।

মাল বিধানসভার এবারের তৃণমূলের প্রার্থী বর্তমান বিধায়ক ও মন্ত্রী বুলু চিকবড়াইক। বিজেপি ও সিপিএমের প্রার্থী যথাক্রমে শুক্রা মুন্ডা ও মনু ওরাওঁ। গত লোকসভা নির্বাচনের ফল দেখলে ক্রান্তি ব্লকে তৃণমূল ও বিজেপির মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই হয়েছে। বিগত নির্বাচনের পরিসংখ্যান দেখলে বোঝা যায়, ক্রান্তি ব্লকে যে দল লিড পায় সেই দলই মাল বিধানসভার নির্ণায়ক ভূমিকা নেয়।

ক্রান্তির তৃণমূলের এক কর্মীর কথায়, 'এবারের নির্বাচনের পরিস্থিতি পুরোপুরি আলাদা। শাসকদলের বিরুদ্ধে চোরাস্রোত বইছে। এছাড়া বর্তমান বিধায়কের বিরুদ্ধে প্রতিষ্ঠান বিরোধিতার হাওয়া বইছে। এসআইআরে প্রচুর সংখ্যালঘু নাম বাদ গিয়েছে যাঁদের সিংহভাগই তৃণমূল সমর্থক। সুতরাং, এই পরিস্থিতিতে প্রার্থীকে নিয়ে জোরদার প্রচার করা প্রয়োজন ছিল।'

অন্যদিকে, ক্রান্তিতে বিজেপির প্রার্থী নিয়ে দলের মধ্যে যথেষ্ট ক্ষোভ রয়েছে। দলের পদাধিকারী এবং কর্মীরা মিলে প্রার্থী বদলের জন্য আন্দোলন করেছেন। অবশেষে দলের শীর্ষ নেতৃত্বের হস্তক্ষেপে সেই ক্ষোভ কিছুটা প্রশমনের চেষ্টাও হয়েছে। তবে প্রার্থীকে নিয়ে দ্রুত ক্রান্তিতে প্রচার এবং কর্মী-সমর্থকদের নিয়ে দ্রুত সদর্থক আলোচনা করা গেলে দলের জন্য লাভ হত বলে মনে করছেন দলের একাংশ।

এদিকে ক্রান্তিতে প্রচার নিয়ে প্রশ্ন করতেই তৃণমূল প্রার্থীর জবাব, 'শীঘ্রই ক্রান্তিতে জোরদার ভোট প্রচার করা হবে।' একই কথা জানিয়েছেন বিজেপির প্রার্থীরও।

২০২১ সালের বিধানসভায় মাল বিধানসভায় বিজেপির প্রার্থী থেকে মাত্র সাড়ে ৪ হাজার ভোট বেশি পেয়ে বিধায়ক হন বুলু। এর মধ্যে ক্রান্তি ব্লক থেকেই ৩৭০০ ভোটে লিড পেয়েছিলেন বুলু। ২৪-এর লোকসভায় ক্রান্তি ব্লক থেকে ৬ হাজার লিড পান জলপাইগুড়ি লোকসভা আসনের তৃণমূলের প্রার্থী। এবারের ভোটেও হাড্ডাহাড্ডি লড়াইয়ের আশা করছেন বাসিন্দারা। যে দল ক্রান্তি ব্লক থেকে লিড পাবে সেই দল থেকেই বিধায়ক নির্বাচিত হবে।

এদিকে, বিজেপির মাল ৫ নম্বর মণ্ডলের সভাপতি দীপক ওরাওঁ বলছেন, 'বুথ স্তরে নিয়মিতভাবে কর্মীসভা হচ্ছে। দ্রুত প্রার্থীকে নিয়েও প্রচারে নামা হবে।' ক্রান্তি ব্লক তৃণমূল সভাপতি মহাদেব রায় ও সিপিএম নেতা জগন্নাথ অধিকারীরও শীঘ্রই প্রার্থীকে নিয়ে প্রচারে নামা হবে বলে জানিয়েছেন।

# জনসংযোগে শুক্রা

**জলপাইগুড়ি ব্যুরো**

**২৬ মার্চ :** নাম ঘোষণার পর থেকেই যে প্রার্থীকে ঘিরে গেরুয়া শিবিরের অন্দরে শুরু হয়েছিল অসন্তোষ ও দানা বেঁধেছিল বিতর্ক, এবার তাঁকেই সামনে রেখে প্রচারে নামল বিজেপি। মাল বিধানসভার ক্রান্তি ব্লকে রামনবমী উপলক্ষ্যে মিছিল ও প্রচার কর্মসূচির মাধ্যমে প্রার্থী শুক্রা মুন্ডাকে নিয়ে প্রচার শুরু করল দলীয় নেতৃত্ব। এর আগে স্থানীয়দের একাংশের অভিযোগ ছিল, ঘোষিত প্রার্থী আজ পর্যন্ত ক্রান্তি ব্লকে পা রাখেননি। সেই প্রেক্ষিতেই বৃহস্পতিবার প্রার্থীকে সামনে রেখে প্রচার শুরু হওয়ায়, এলাকায় নতুন করে আলোচনা শুরু হয়েছে। এদিন ক্রান্তি ব্লকের তিনটি জায়গায় শুক্রাকে নিয়ে মিছিল ও প্রচার কর্মসূচি পালন করে বিজেপি নেতৃত্ব। আগামীদিনে আরও জোরদারভাবে প্রচার চালিয়ে জয় ছিনিয়ে আনা হবে বলে দাবি বিজেপির। ক্রান্তি ব্লকে প্রার্থী পরিবর্তনের দাবিতে সভা করে কেন্দ্রীয় নেতৃত্বকে সময়সীমা বেঁধে দিয়েছিল স্থানীয় নেতৃত্ব। রামনবমী উপলক্ষ্যে বিভেদ ঘুচিয়ে প্রচার শুরু করল বিজেপি। এদিন মাল বিধানসভার ক্রান্তি ব্লকে মৌলানি, ক্রান্তি ও লাটাগুড়িতে পৃথক তিনটি রামনবমীর মিছিলে অংশগ্রহণ করেন শুক্রা।

জলপাইগুড়ি সদর কেন্দ্রের বিজেপি প্রার্থী অনন্তদেব অধিকারীর প্রচার কর্মসূচি না থাকলেও এদিন তিনি যান ইতিহাসবিদ আনন্দগোপাল ঘোষের বাড়িতে। আলোচনায় আনন্দগোপাল জলপাইগুড়ির সাংসদ জয়ন্তকুমার রায়কে দরাজ সার্টিফিকেট দেন। জলপাইগুড়ি বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থীকে আশীর্বাদ করেন। মাষকালাইবাড়ি, বজরাপাড়া সহ বিভিন্ন বাসন্তীপুজোয় যান অনন্ত। বিকেলে ময়নাগুড়ির বিজেপি প্রার্থী কৌশিক রায় বার্নিশ পঞ্চায়েত এলাকায় প্রচার চালান। সন্ধ্যায় চূড়াভাণ্ডার গ্রাম পঞ্চায়েতের পশ্চিম শালবাড়ি এলাকায় প্রচারে যান তিনি।

# ময়দানে বামেরা

**জলপাইগুড়ি ব্যুরো**

**২৬ মার্চ :** বৃহস্পতিবার সকাল ১১টায় দোমোহনি এলাকায় জনসংযোগ সারেন ময়নাগুড়ি বিধানসভা আসনের বামফ্রন্ট সমর্থিত আরএসপি প্রার্থী সুদেব রায়। এরপর দ্বিতীয় দফায় বিকেল পাঁচটায় লক্ষ্মীরহাটে জনসংযোগ করেন বাম প্রার্থী। সন্ধে সাড়ে ৬টার পর তিনি পৌঁছোন আমগুড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার চারেরবাড়িতে।

ওদলাবাড়ির ডিপোপাড়া, পোস্ট অফিসপাড়া এলাকায় বাড়ি বাড়ি প্রচার সারলেন মাল বিধানসভার সিপিএম প্রার্থী মনু ওরাওঁ। বৃহস্পতিবার দলীয় সমর্থক, কর্মী ও শাখা সংগঠনের নেতৃত্বকে সঙ্গী করে ডিপোপাড়ায় বাড়ি বাড়ি পৌঁছে যান তিনি। চাম্পাগুড়ি বাজারে সিপিএম-এর উদ্যোগে কর্মীসভার আয়োজন হয়। নাগরাকাটা বিধানসভা কেন্দ্রের বাম প্রার্থী দিলকুমার ওরাওঁ-কে সঙ্গে নিয়ে বাজার এলাকায় জোরদার নির্বাচনি প্রচার চালানো হয়।

# জঙ্গল লাগোয়া বুথ নিয়ে চিন্তা বাড়ছে প্রশাসনের

**শুভজিৎ দত্ত ও শুভদীপ শর্মা**

**নাগরাকাটা ও লাটাগুড়ি, ২৬ মার্চ :** পরপর দু'দিন নাগরাকাটায় চিতাবাঘের হামলায় জখম হলেন তিনজন। আশঙ্কার কথা এই যে হামলার স্থানগুলি থেকে আসন্ন নির্বাচনের ভোটগ্রহণ কেন্দ্রগুলির দূরত্বও বেশি নয়। বুধবার বিকেলে বামনডাঙ্গা চা বাগানের বিছ লাইনের দুই তরুণ গোরু আনতে গিয়ে চিতাবাঘের আক্রমণের মুখে পড়েন। বৃহস্পতিবার বিকেলে একই পরিস্থিতি তৈরি হয় যখন ওই বাগানেরই টন্ডু ডিভিশনের প্রেম ছেত্রীও বুনোর হামলার মুখোমুখি হন। এই পরিস্থিতিতে জঙ্গল সংলগ্ন এলাকার বুথগুলিতে ভোটার ও ভোটকর্মীদের নিরাপত্তা নিয়ে চিন্তা বাড়ছে নির্বাচন কমিশন, প্রশাসন এবং বন দপ্তরের। যদিও জলপাইগুড়ি জেলার জঙ্গল লাগোয়া



নাগরাকাটার টন্ডু বস্তির প্রাথমিক স্কুল। -সংবাদচিত্র

এলাকার একাধিক ভোটগ্রহণ কেন্দ্রগুলির জন্য বিশেষ নিরাপত্তার ব্যবস্থা থাকবে বলে জানা গিয়েছে। লাটাগুড়ি, গরুমারা, চাপরামারি, মোরাঘাট, ডায়না, পানঝোরা, বৈকুণ্ঠপুর ও মংপং-এর জঙ্গল সংলগ্ন বেশ কয়েকটি বুথে বুনোদের অবাধ আনাগোনার কথা মাথায় রেখেই বাড়তি নজরদারির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভোটের দিন পুলিশ ও প্রশাসনের পাশাপাশি বন দপ্তরের কর্মীরা উপস্থিত থেকে জঙ্গলের ধারে টহল দেবেন। কোনওভাবেই ভোট প্রক্রিয়া যাতে ব্যাহত না হয় তা নিশ্চিত করাই আসল উদ্দেশ্য।

এদিন জখম হওয়া ব্যক্তি খেরকাটার জঙ্গলে ঢুকে পড়া মোষ ফেরত আনতে গিয়েছিলেন। ফেরার সময় একটি চিতাবাঘ তাঁর ওপর ঝাঁপিয়ে পড়ে। হাতের কবজিতে কামড় বসিয়ে দেওয়ার পাশাপাশি বুনোটি তাঁর পিঠে ও মুখে আঁচড় দেয়। স্থানীয়রা তাঁকে সুলকাপাড়া গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। প্রাথমিক চিকিৎসার পর সেখান থেকে প্রেমকে মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে রেফার করা হয়েছে।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মালবাজার, নাগরাকাটা, ধূপগুড়ি ও রাজগঞ্জ বিধানসভার জঙ্গল লাগোয়া এলাকায় ২০টিরও বেশি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। নাগরাকাটার টন্ডু বস্তির প্রাথমিক বিদ্যালয়ের বুথে গত ২৫ বছরে ৮৭ বার হাতির হামলা হয়েছে। শেষ হামলাটি হয় গত ১৮ মার্চ। গরুমারা ও লাটাগুড়ি জঙ্গল সংলগ্ন মেটেলি ব্লকের বিছাভাঙ্গা বনবস্তি প্রাথমিক বিদ্যালয়ের ভোটগ্রহণ কেন্দ্রটিও একই বিপর্যয়ের শিকার। ক্রান্তি ব্লকের রাজাডাঙ্গা গ্রাম পঞ্চায়েত এলাকার যোলোঘরিয়া ও আনন্দপুর বনবস্তি প্রাথমিক বিদ্যালয়ের ভোটগ্রহণ কেন্দ্রেও মাঝেমধ্যেই হাতির দল চলে আসে। এছাড়া বন্যপ্রাণীর হামলার ভ্রূকুটি রয়েছে শিবচু বনবস্তি, খেরকাটা গ্রাম হিন্দি প্রাথমিক বিদ্যালয়, টন্ডু টিজি থ্রি প্রাথমিক বিদ্যালয়ের মতো নাগরাকাটার আরও কয়েকটি স্কুলে।

অনেক ক্ষেত্রে ভোটারদের জঙ্গলের মধ্য দিয়ে বুথে পৌঁছাতে হয়। তাই ভোটের দিন জঙ্গলের বিভিন্ন পথেও নজরদারি চলবে। এ নিয়ে গরুমারা বন্যপ্রাণী বিভাগের ডিএফও দ্বিজপ্রতিম সেন বলেন, 'সবদিক বিবেচনা করেই ভোটগ্রহণকেন্দ্রগুলির পাশাপাশি জঙ্গল সংলগ্ন পথগুলিতেও নজরদারি বাড়ানো হবে। কোথাও বন্যপ্রাণীর গতিবিধি লক্ষ করা গেলে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য বনকর্মীরা প্রস্তুত থাকবেন।' অন্যদিকে জলপাইগুড়ি বনবিভাগের অতিরিক্ত বনাধিকারিক জয়ন্ত মণ্ডল জানান, এবারের নির্বাচনেও নিরাপত্তা থাকবে। পাশাপাশি স্থানীয় বনরক্ষী ও হাতি প্রতিরোধকারী দলকেও সতর্ক রাখা হবে।

এ নিয়ে মালের মহকুমা শাসক উৎকর্ষ খন্ডাল জানান, জঙ্গল লাগোয়া ভোটগ্রহণ কেন্দ্রগুলির নিরাপত্তা নিয়ে বন দপ্তর, পুলিশ ও প্রশাসনের মধ্যে সমন্বয় রেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। ইতিমধ্যেই সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে আলোচনা শুরু হয়েছে।



ছোট্ট তারা

ধূপগুড়ি শহরের রায়পাড়ার প্রথম শ্রেণির ছাত্রী প্রাণসী সরকার জেলা স্তরে তাইকোন্ডো প্রতিযোগিতায় স্বর্ণপদক পেয়েছে। তার জয়ে পরিবার ও প্রতিবেশীরা অত্যন্ত খুশি।

# শোভাযাত্রায় জমজমাট রামনবমী

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ২৬ মার্চ :** পুজো, অঞ্জলি ও হোমযজ্ঞ। বৃহস্পতিবার যাবতীয় আয়োজনে মহাসমারোহে রামনবমী পালন করল মালবাজার রামনবমী উদযাপন সমিতি। বৃহস্পতিবার সকালে বৃষ্টি উপেক্ষা করেই অনুষ্ঠানের চূড়ান্ত প্রস্তুতি শুরু হয়। মালবাজারের কলোনি ময়দানে শ্রীরামচন্দ্রের পুজো হয়। সেখানে পুষ্পাঞ্জলি, হোমযজ্ঞ সম্পন্ন হয়। এরপর দুপুরে ওই ময়দান থেকেই বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু হয়। মাল ব্লকের কুমলাই, ডামডিম, ওদলাবাড়ি ও মালবাজার শহরের কয়েক হাজার মানুষ শোভাযাত্রায় অংশগ্রহণ করেছেন। এছাড়া পার্শ্ববর্তী মেটেলি ব্লক থেকেও উপস্থিত হন অনেকে। অন্যদিকে, পুজোর মধ্যে জনসংযোগ সারতে দেখা যায় বিজেপির প্রার্থীদের। উদযাপন সমিতির কনভেনার আইনজীবী সুমন শিকদার বলেছেন, 'গত পাঁচ বছর ধরে আমরা রামনবমী উদযাপনের মাধ্যমে হিন্দু ঐক্য বাড়ানোর কাজ করছি। এবছর যথেষ্ট ভালো সাড়া পেয়েছি।'

বিধাননগর গ্রাম পঞ্চায়েতের ক্ষুদিরামপল্লির পঞ্চায়েত সদস্য সুখদেব ঘোষ জানান, গত কয়েক বছর ধরেই তিনি রামনবমী মহোৎসবে অংশগ্রহণ করেন। এদিন শোভাযাত্রায় অংশগ্রহণকারী ভক্তদের পানীয় জল বিতরণ করেন বৃহন্নলারা। ঘড়ি মোড়ে শোভাযাত্রা আসতেই জল বিতরণ করা হয়। শোভাযাত্রা ঘড়ি মোড় থেকে থানা মোড় হয়ে ক্যালটেক্স মোড় ঘুরে ফের কলোনি ময়দানে শেষ হয়। সেখানে খিচুড়ি খাওয়ার ব্যবস্থা ছিল। সন্ধ্যায় শ্রীরামচন্দ্রের আরতি এবং আতশবাজি প্রদর্শনী দেখতেই প্রচুর মানুষ ভিড় করেন। এদিকে, মালের বিজেপির প্রার্থী শুক্রা মুন্ডা এদিন পুজোয় অংশগ্রহণ করে সকলের সঙ্গে কুশলবিনিময় করেন। রামনবমীর অনুষ্ঠানে তাঁকে জনসংযোগ করতে দেখা গিয়েছে। নাগারাকাটার বিজেপি প্রার্থী পুনা ভেংরা অল্প সময়ের জন্য এলেও তিনি শোভাযাত্রায় ছিলেন না। শুক্রা বলেছেন, 'সময়ের অভাবে শোভাযাত্রায় শেষপর্যন্ত থাকা হয়নি। তবে সাধারণ মানুষের উৎসাহ দেখে ভালো লাগল।'

অপরদিকে, রামনবমী মহোৎসব সমিতির তরফে এদিন সন্ধ্যায় বাসস্ট্যান্ডে প্রদীপ জ্বালিয়ে উৎসবের সূচনা করা হয়। বাইক মিছিল করে ১২ ফুটের শ্রীরামের মূর্তি নিয়ে আসে তারা। সঙ্গে ছিল স্বামী বিবেকানন্দ, ভারতমাতা ও মহাদেবের প্রতিমা। বাসস্ট্যান্ডে প্রদীপ প্রজ্জ্বলন করতে উপস্থিত ছিলেন তৃণমূল প্রার্থী বুলু চিক বড়াইক। ওই পুজো কমিটি শুক্রবার নগর পরিক্রমা করবে। নিরাপত্তা নিয়ে মালবাজার থানার আইসি সৌম্যজিৎ মল্লিক বলেছেন, 'রামনবমী উপলক্ষ্যে পুলিশ ছাড়াও আধাসামরিক বাহিনী মোতায়েন করা হয়েছে।'



- বৃহস্পতিবার মহাসমারোহে রামনবমী পালন করে মালবাজার রামনবমী উদযাপন সমিতি
- পুজোর মধ্যে জনসংযোগ সারতে দেখা যায় বিজেপির প্রার্থীদের
- রামনবমী মহোৎসব সমিতির তরফে শোভাযাত্রা হবে শুক্রবার

## বসন্তে উৎসবের আমেজ







**বাসন্তীপুজো ও রামনবমীর শোভাযাত্রা।** বৃহস্পতিবার অষ্টমী তিথিতে কেউ দিলেন অঞ্জলি, কেউ করলেন অন্নপূর্ণার পুজো। মালবাজারের একটি মণ্ডপে অষ্টমী পুজোর মুহূর্ত ধরা পড়েছে অ্যানি মিত্রর ক্যামেরায়। অন্যদিকে, মালবাজারে রামনবমীর শোভাযাত্রার মুহূর্ত ক্যামেরাবন্দি করেছেন অভিষেক ঘোষ।

# বর্ষার আগে জলমগ্ন হওয়ার আশঙ্কা

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ২৬ মার্চ :** কথায় বলে 'ঘরপোড়া গোরু, সিঁদুরে মেঘ দেখলেই ডরায়'- মার্চে অকাল বৃষ্টিতে জলপাইগুড়ি শহরবাসীর কপালে চিন্তার ভাঁজ। গত বছর বর্ষার শুরুতে মাত্র এক পশলা বৃষ্টিতেই কদমতলার মতো শহরের প্রাণকেন্দ্র জলবন্দি হয়ে পড়েছিল। এবারও কি সেই একই ছবির পুনরাবৃত্তি হবে? নির্বাচন নির্ঘণ্ট বেজে যাওয়ায় নতুন কাজ শুরু করা অসম্ভব, আর এই প্রশাসনিক টানাপোড়েনের মাঝেই বর্ষা-আতঙ্কে ভুগছেন শহরবাসী।

পান্ডাপাড়া, কংগ্রেসপাড়া বা করলা সংলগ্ন ২৫ নম্বর ওয়ার্ডের মতো নীচু এলাকাগুলিতে জল জমাটা দস্তুর হয়ে দাঁড়িয়েছে। কিন্তু প্রশ্ন উঠছে কদমতলা, কামারপাড়া বা দিনবাজারের নিকাশি নিয়ে। বড় নর্দমা থাকা সত্ত্বেও একটু বৃষ্টিতেই কেন গোড়ালি বা হাঁটুসমান জল জমে? সরেজমিন তদন্তে দেখা গেল, নিকাশিনালাগুলো এখন প্লাস্টিক, পলিথিন আর বাণিজ্যিক বর্জ্যে ঠাসা। কদমতলার বাসিন্দা দিলীপ সরকারের অভিযোগ, 'নর্দমা দেখুন, পলিথিন, প্লাস্টিক, বাণিজ্যিক বর্জ্য ফেলা হচ্ছে। জল কোথায় নালায়। পলিও জমে রয়েছে। পুরসভা এগুলি পরিষ্কার করছে না। একটু বৃষ্টি হলেই এলাকাটা পুরো জলমগ্ন হয়ে পড়বে অন্য বছরের মতো।'

বাস্তবে দেখা গিয়েছে, বহু জায়গায় নর্দমা খোলা থাকায় তাতে চিপসের প্যাকেট থেকে শুরু করে চায়ের কাপ- সবই ফেলা হচ্ছে। এমনকি অনেক জায়গায় নির্মাণকাজের বালি-পাথর পড়েও নালা ভরাট হচ্ছে। এই পচা জল ও আবর্জনা এখন মশার লার্ভার আদর্শ আঁতুড়। শহরের বাসিন্দা অভীক বন্দ্যোপাধ্যায়ের কথায়, 'মানুষ এতটাই অসচেতন যে নর্দমায় কিছুটা অংশ ভেঙে তার মধ্যে আবর্জনা ফেলছেন।' অভিজিৎ রায় বা বৃষ্টি ঘোষের মতো নিত্যযাত্রীদের প্রশ্ন, ঢাকা নর্দমাগুলো কেন পরিষ্কার করা হয় না?

এদিকে, ২০২৬ অর্থবর্ষের জন্য নিকাশি ব্যবস্থার যেসব বড় পরিকল্পনা ছিল, নির্বাচন বিধির কারণে তা আপাতত বিশবাঁও জলে। যদিও ভাইস চেয়ারম্যান সন্দীপ মাহাতো বলেন, 'নির্বাচন ঘোষণা হতে পারে বলেই, ফেব্রুয়ারি থেকে শহরের নর্দমা পরিষ্কারের কাজ শুরু করেছিলাম। এখনও চলছে সেই কাজ। নির্বাচনি বিধি থাকায় নতুন কোনও কাজ আমরা শুরু করতে পারব না ঠিকই, কিন্তু নর্দমা পরিষ্কার এবং নর্দমা দিয়ে জল যাতে বয়ে যেতে পারে সেই কাজ ইতিমধ্যে করা হয়েছে। আমাদের বিশ্বাস এবার বর্ষায় আর জলমগ্ন থাকতে হবে না শহরবাসীকে।'



# মালবাজারে প্রশ্নের মুখে পুর পরিষেবা

জনতার কণ্ঠ

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ২৬ মার্চ :** ভোটের মুখে চর্চায় মাল শহরের পুর পরিষেবা। অভিযোগ, একাধিক সরকারি পরিষেবা লাটে মাল শহরে। বিকল অবস্থায় পড়ে রয়েছে লক্ষ লক্ষ টাকার জায়েন্ট স্ক্রিন এবং ফোয়ারা। ফলে ভোটের মুখে তৃণমূল পরিচালিত পুরসভার পরিষেবা নাগরিকদের প্রশ্নের মুখে।

সম্প্রতি টি টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপ খেলা দেখার হিড়িক ছিল শহরে। অনেকে মোবাইলে খেলা দেখেছেন, কেউ আবার টেলিভিশনের পর্দায় চোখ রেখেছেন। কোথাও বা ক্লাবে বসেছে জায়েন্ট স্ক্রিন। তবে শহরে স্থায়ী বড় একটি এলইডি স্ক্রিন রয়েছে। শহরের থানা মোড়ের সামনে থাকা স্ক্রিনটি বিকল হয়ে রয়েছে। সেই স্ক্রিনটি রক্ষণাবেক্ষণের জন্য কোনও কোম্পানিকে ভাড়ায় দেওয়ার বিকল্প চিন্তাভাবনা করছে পুরসভা। আগে এই স্ক্রিনে বিভিন্ন কোম্পানির বিজ্ঞাপন দেখা যেত। পরে সেটা বন্ধ হয়ে যায়। আবার সেই বিজ্ঞাপন দেখানোর ব্যবস্থা নিয়ে ভাবছে মাল পুরসভা। বিকল হয়ে আছে দুর্গা মন্দিরের সামনের অত্যাধুনিক ফোয়ারা। ২০১৪-'১৫ সালে এই দুই পরিষেবা চালু করে মাল পুরসভা। লাইটিং ফোয়ারার আকর্ষণ সে সময়ে যথেষ্ট ছিল শহরবাসীর কাছে। তবে পরে ধীরে ধীরে অকেজো হয়ে পড়ে। সূত্রের খবর, এই ফোয়ারা মেরামতি নিয়ে পুরসভার চিন্তাভাবনা নেই।

পুরসভা এলইডি স্ক্রিনের পাশাপাশি গুরুত্ব দিচ্ছে শহরের নিরাপত্তা ব্যবস্থায়। পরপর দুটো অপহরণের চেষ্টার ঘটনা সামনে আসার পর সক্রিয় হয় মাল পুরসভা। শহরের বিভিন্ন প্রান্তে সিসি ক্যামেরা খুলে সেগুলো যাচাই করে দেখার নির্দেশ দেওয়া হয়েছে। প্রায় সবক'টি ক্যামেরা বিকল। শহরের টুনবাড়ি মোড়, ক্যালটেক্স মোড়, হাসপাতাল মোড়, থানা মোড়, বাসস্ট্যান্ড, ঘড়ি মোড়, পম্পা সিনেমা হল মোড়ে সিসি ক্যামেরা লাগানোর প্রস্তাব দিয়েছে শহরের নাগরিক মহল। এই বিষয়ে মাল পুরসভার ভাইস চেয়ারম্যান মিলন ছেত্রী জানান, দুষ্কৃতীদের দৌরাত্ম্য বন্ধ করতে শীঘ্রই সিসি ক্যামেরা প্রতিস্থাপনের ব্যবস্থা হচ্ছে, পুলিশের ট্রাফিক বিভাগ থেকে নিয়ন্ত্রণ করা হবে সমস্ত সিসি ক্যামেরা। এতে শহরের নিরাপত্তা ব্যবস্থা থাকবে পুলিশের নিয়ন্ত্রণে। মিলন বলেন, পুরসভার নিজস্ব তহবিল থেকে আপাতত ক্যামেরা বসানো হবে।

যদিও বিজেপির মাল টাউন মণ্ডল সভাপতি নবীন সাহা জানান, মাল পুরসভার কোনও পরিষেবা সঠিকভাবে বেশিদিন টেকে না, সদিচ্ছার অভাবে নাগরিক পরিষেবা বিঘ্নিত।

পাড়ায় পাড়ায়

## রবীন্দ্র ভবনের সামনে জঞ্জাল

**জলপাইগুড়ি, ২৬ মার্চ :** রাস্তার পাশে আবর্জনার স্তূপ। খাবারের খোঁজে গোরু, কুকুর সেখানে ঘুরে বেড়াচ্ছে। রাস্তাতেও ছড়িয়ে-ছিটিয়ে পড়ে রয়েছে আবর্জনা। ছবিটি ৫ নম্বর ওয়ার্ডের সমাজপাড়ার। রবীন্দ্র ভবনের ঠিক উলটোদিকে এভাবে আবর্জনা পড়ে রয়েছে। শহরবাসী সন্তু দাস বলেন, 'দিনবাজার থেকে ফেরার সময় মাঝেমধ্যে এই রাস্তা দিয়ে যাতায়াত করি। দুর্গন্ধে বমি পেয়ে যায়। রবীন্দ্র ভবনে সরকারি, বেসরকারি কত অনুষ্ঠান হয়। খুবই দৃষ্টিকটু লাগে।' চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায় বলেন, 'প্রতিদিন আবর্জনা পরিষ্কার করা হয়। সাধারণ মানুষ সচেতন না হলে কিছু করা সম্ভব নয়। আমরা মাইকিং করে ফের মানুষকে সচেতন করার চেষ্টা করব।'

*তথ্য : অনীক চৌধুরী।*

## সচেতনতা প্রচার

**জলপাইগুড়ি, ২৬ মার্চ :** 'লাইফ হ্যাজ নো রিসেট বাটন' বার্তাকে সামনে রেখে দিনবাজার পুলের সামনে বৃহস্পতিবার বাইকচালক, হেলমেটবিহীন যাত্রী, টোটোচালক সহ বিভিন্ন গাড়ির চালককে নিয়ে 'সেফ ড্রাইভ, সেভ লাইফ' সম্পর্কে আলোচনা করল জলপাইগুড়ি ট্রাফিক পুলিশ। ট্রাফিক পুলিশের তরফে জানানো হয়, অনেকেই নিয়ম জানলেও, বাস্তবে তাঁরা সেগুলো প্রয়োগ করেন না। ফলে বৃদ্ধি পায় দুর্ঘটনার আশঙ্কা। তাই এদিন পুলিশের তরফে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। পাশাপাশি দিনবাজার সেতুর ওপর কোনওরকম যানবাহন যাতে পার্ক না করা হয়, সে সম্পর্কেও চালকদের সচেতন করে ট্রাফিক পুলিশ।

## কর্মসূচি

**জলপাইগুড়ি, ২৬ মার্চ :** সাপ্লিমেন্টারি ভোটার তালিকার হার্ড কপি দেওয়ার দাবি তুলল জলপাইগুড়ি জেলা কংগ্রেস। এই দাবি নিয়ে এদিন জেলা নির্বাচন কমিশনের দপ্তরে অভিযান করে ওসির সঙ্গে দেখা করে তারা। প্রতিনিধিদলে ছিলেন অম্লান মুন্সী, অসীম তরফদার, নবেন্দু মৌলিক প্রমুখ। চক্রান্ত করে বহু ভোটারকে নির্বাচন প্রক্রিয়ার বাইরে রাখা হচ্ছে বলে দলের জেলা সভাপতি অমিত ভট্টাচার্য অভিযোগ করেন।

# দুই পুজোয় থিমের লড়াই ময়নাগুড়িতে

**অভিরূপ দে**

**ময়নাগুড়ি, ২৬ মার্চ :** পাশাপাশি দুটি বাসন্তীপুজোকে কেন্দ্র করে জমজমাট ময়নাগুড়ি শহরের ১৭ নম্বর ওয়ার্ড। দুই পুজো কমিটির থিমের লড়াই দেখতে ভিড় জমাচ্ছেন দর্শনার্থীরা। ময়নাগুড়ি শহরের নবীন সংঘের পুজো ও যুব সংঘের পুজো ঘিরে উন্মাদনা গোটা এলাকায়।

নবীন সংঘের পুজো এবছর ৭৬তম বর্ষে পড়ল। পুজোর থিম ফুলের সাজে। মোট তিনটি স্তরে প্যান্ডেল সাজিয়েছেন ময়নাগুড়ির শিল্পী। প্যান্ডেলের একদম সামনে থিমের সঙ্গে সাযুজ্য রেখে বসানো হয়েছে একটি ঐরাবত। ভেতরে ঢুকলে দেখা যাবে একটি শিবলিঙ্গ। পাশজুড়ে গোল আকৃতির প্যান্ডেলে ফুল ও অন্যান্য সামগ্রীর কারুকার্য। আলো দিয়ে ফুটিয়ে তোলা হয়েছে গোটা প্যান্ডেলটি। সেখানে শোভা পাচ্ছে প্রতিমা। প্রতিমা তৈরি করেছেন ময়নাগুড়ির শিল্পী নির্মল পাল। রাস্তাজুড়ে রয়েছে আলোকসজ্জা।

পুজো কমিটির সম্পাদক কাজু দাসের কথায়, 'গত কয়েক বছর ধরে আমরা থিম পুজোর আয়োজন করে ব্যাপক সাড়া পেয়েছি। এবছর পুজো দেখার জন্য স্থানীয়দের পাশাপাশি বাইরে থেকেও দর্শনার্থীরা ভিড় জমাচ্ছেন।' পুজো উপলক্ষ্যে ২৯ মার্চ অসম ও বাংলার জনপ্রিয় শিল্পীদের নিয়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে জানান সম্পাদক পার্থ সাহা।

অন্যদিকে, যুব সংঘ আয়োজিত বাসন্তীপুজো এবার ১০৮তম বর্ষে পড়ল। পুজোর থিম গ্রামবাংলা। শিল্পী বাপি রায় প্যান্ডেল তৈরি করেছেন। প্যান্ডেলের বাইরের অংশে গ্রামীণ বাড়ির আদল দেওয়া হয়েছে। সেখানে খড় ও অন্যান্য সামগ্রী ব্যবহার করা হয়েছে। প্যান্ডেলের ভেতরে শোভা পাচ্ছে সাবেকি প্রতিমা। প্রতিমা তৈরি করেছেন বুলেট রায়। পুজোর পাশাপাশি মেলা এখানকার অন্যতম আকর্ষণ বলে জানান পুজো কমিটির সম্পাদক জয়া সেন। বিভিন্ন জায়গার মানুষের সমাগমে যুব সংঘের পুজো প্রাঙ্গণ মিলনক্ষেত্রে পরিণত হয়।



*ময়নাগুড়ির একটি মণ্ডপে।*

## পার্থেনিয়ামের ঝাড় নদীর পাড়ে

**জলপাইগুড়ি, ২৬ মার্চ :** করলা নদীর পাড়জুড়ে বিষাক্ত পার্থেনিয়াম গাছে ছেয়ে গিয়েছে। কিন্তু, পার্থেনিয়াম নির্মূলে সেভাবে সচেষ্ট হতে দেখা যাচ্ছে না পুরসভাকে। পার্থেনিয়াম গাছ নিয়ে শহরের একটা বিরাট সংখ্যক মানুষের মধ্যে এখনও সচেতনতার অভাব রয়েছে। একরকম অজান্তেই তাঁরা এই জঙ্গলের আশপাশে বসবাস করছেন। চিকিৎসক ও পরিবেশবিদরা বলছেন, পার্থেনিয়াম গাছ খুবই বিপজ্জনক। বিশেষ করে এর ফুল মানুষ, গবাদিপশুর ক্ষেত্রে ক্ষতিকর। চিকিৎসক শিলাদিত্য মিশ্রর কথায়, 'পার্থেনিয়াম প্রাপ্তবয়স্কদের পাশাপশি শিশুদের জন্যও খুব ক্ষতিকর। এই গাছের ফুলের রেণু বাতাসে ছড়িয়ে পড়ে এবং প্রশ্বাসের সাহায্যে ফুসফুসে পৌঁছাতে পারে। যা থেকে হতে পারে শ্বাসকষ্ট, চর্মরোগ, অ্যালার্জি, হাঁপানির মতো রোগ।'

যদিও চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায় বলেন, 'দ্রুত পার্থেনিয়ামের জঙ্গল পরিষ্কার করার কাজ শুরু করব। করলার পাশের আগাছা ও গাছগুলোও পরিষ্কার করা হবে।'

# জরদায় অষ্টমীর স্নানে ভিড়

**বাণীব্রত চক্রবর্তী**

**ময়নাগুড়ি, ২৬ মার্চ :** সকাল থেকেই পদাবলি কীর্তনের সুর, পুণ্যার্থীদের মিছিল। দিনভর গঙ্গাপুজো। সন্ধ্যায় সূর্যপুজো শেষে বাড়ির পথে পা বাড়ানো, উৎসবের আমেজটুকু নিংড়ে নিয়ে। বাসন্তী অষ্টমীকে কেন্দ্র করে বৃহস্পতিবার আরও এক উৎসবের সাক্ষী থাকল ময়নাগুড়ির ১৫ নম্বর ওয়ার্ডের ফার্ম শহিদগড়পাড়ায় জরদা নদীর ঘাট। দিনের শেষে উদ্যোক্তাদের মুখে হাসি। বহু বছরের পুরোনো রীতি মেনে নদীর ঘাটে ভিড় জমিয়েছিলেন শহর ছাড়াও পার্শ্ববর্তী বিভিন্ন এলাকার অসংখ্য পুণ্যার্থী।

অষ্টমীর স্নানকে কেন্দ্র করে জেলার বিভিন্ন নদীপাড়ের মতো বৃহস্পতিবার মেলা বসেছিল জরদা নদীর পাড়েও। খাবারের সারি সারি দোকান। সকাল থেকেই পুণ্যার্থীদের ভিড়। ভিড় জমালেন ওয়ার্ডের সাধারণ নাগরিকরাও। অনেকের বক্তব্য, গত কয়েক বছরের থেকে এবার ভিড়টা বেশি হয়েছে মনোরম আবহাওয়ার জন্য। গঙ্গাপুজোর জন্য ঘাটে উপস্থিত ছিলেন আটজন পুরোহিত। একদিকে পুজোর মন্ত্রোচ্চারণ, অন্যদিকে পদাবলি কীর্তনের সুর। এরই মাঝে চলছে অষ্টমীর স্নান। কারও যাতে কোনও সমস্যা না হয়, তদারকি করছিলেন স্থানীয় কাউন্সিলার অমিতাভ চক্রবর্তী। তিনি বললেন, 'বহু বছরের পুরোনো ঐতিহ্য। এবারও বাইরে থেকে অসংখ্য পুণ্যার্থী এসেছেন।' সাধারণের যাতে কোনও সমস্যা না হয়, সেদিকে নজর রাখছিলেন রামপ্রসাদ সরকার, সাগর সাহা, বাপি সাহা, সত্য বিশ্বাস ও সৈনিক রায়দের মতো কিছু তরুণ। স্থানীয় বাসিন্দা প্রবীণ সংগীতশিল্পী বাণী চৌধুরী বলেন, 'ঘাটে পুণ্যার্থীদের উৎসাহ উদ্দীপনা দেখে বেশ ভালো লাগছে।' একই কথা বললেন স্থানীয় পায়েল সাহা, টেকাটুলির বাসিন্দা পূর্ণিমা মল্লিক। পুজোর ফাঁকে পুরোহিত চাণক্য চক্রবর্তী বলেন, 'অস্বাভাবিক ভিড় পুণ্যার্থীদের। তবে সমস্ত কিছু হচ্ছে নিষ্ঠার সঙ্গে।'

পুরসভার আর্থিক আনুকূল্যে বর্তমানে ঘাট নির্মাণের কাজ চলছে। আপাতত কংক্রিটের সিঁড়ি তৈরির কাজ শেষ হয়েছে। বৈদ্যুতিক আলো লাগানো হয়েছে। পুরসভার চেয়ারম্যান মনোজ রায় বলেন, '৩ লক্ষ ২০ হাজার টাকা ব্যয়ে ঘাট নির্মাণের কাজ চলছে। সিঁড়িতে টাইলস বসানো হবে। স্টিলের রেলিং দেওয়া হবে।'



*রীতি মেনে ঘাটে ভিড় পুণ্যার্থীদের।*



**মঙ্গলকামনায়।।** *বৃহস্পতিবার যোগমায়া কালীবাড়িতে সকাল থেকেই চাল হাতে নিয়ে অন্নপূর্ণার পুজো দিতে দেখা যায় গৃহিণীদের। মোহন্তপাড়ার বাসিন্দা দীপ্তি কর্মকার বলেন, 'বিশ্বাস রয়েছে অন্নপূর্ণাপুজো দিয়ে সেই চাল ঘরে রাখলে কোনওদিনও অন্নের অভাব হয় না। সেই বিশ্বাস থেকেই বিয়ের পর প্রায় ৩০ বছর ধরে অন্নপূর্ণাপুজো করে আসছি।' অশোকনগর বন্ধুসমিতি, ইউথ কয়ার ক্লাব, পান্ডাপাড়া ফ্রেন্ডস ইউনিট সহ বিভিন্ন ক্লাবে ভক্তদের দেখা গেল বাসন্তীপুজোয় মেতে উঠতে। অন্যদিকে, শহর সংলগ্ন জমিদারপাড়ায় নবনির্মিত বাসন্তী দুর্গা মন্দিরেও অষ্টমী তিথি উপলক্ষ্যে ভিড় করেন ভক্তরা। তথ্য : অনসূয়া চৌধুরী এবং ছবি : মানসী দেব সরকার।*

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**■ জলপাইগুড়ি মেডিকেল কলেজের ব্লাড ব্যাংক**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৫ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ৩ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ১ |
| ও নেগেটিভ | ০ |

**■ মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতাল ব্লাড ব্যাংক**

**■ পিআরবিসি**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৩ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ৪ |
| বি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ৭ |
| ও নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ১ |

**■ এফএফপি**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১০ |
| বি পজিটিভ | ১০ |
| ও পজিটিভ | ১০ |
| এবি পজিটিভ | ১০ |

**■ প্লেটলেট**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১ |
| বি পজিটিভ | ১ |
| বি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ১ |
| এবি পজিটিভ | ১ |

